দৈনিক জনকণ্ঠ

17

তারিখ ... AUG. 1 5 1999
পৃষ্ঠা ... 2 ... 6

# উনিশ নয় ২৬ আগস্ট এইচএসসি পরীক্ষার ফল প্রকাশ

ইলিয়াস খান ॥ উনিশে আগস্ট নয়, আগামী ২৬ আগস্ট এইচএসসি পরীক্ষার ফল প্রকাশিত হবে। ইতোপূর্বে ১৯ আগস্ট ফল প্রকাশিত হবে বলে ঘোষণা দেয়া হয়েছিল। যশোর বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মুজিবুর রহমান ভূইয়া বলেছেন, ঢাকা বোর্ড ও রাজশাহী বোর্ডের হাজারখানেক পরীক্ষার্থীর নম্বর কম্পিউটার সেন্টারে জমা না দেয়ায় এই এক সপ্তাহ দেরি হচ্ছে। তিনি বলেন, আলাদাভাবে দিলে ১৯

(২ পৃষ্ঠা ১-এর কঃ দেখুন)

## উনিশ নয় ২৬ আগস্ট

(প্রথম পাতার পর)

তারিখই কয়েকটি বোর্ডের রেজাল্ট দেয়া যেত। কিন্তু পাঁচ বোর্ডের ফল একত্রে প্রকাশ করার সিদ্ধান্তের কারণে এক সপ্তাহ পিছিয়ে দেয়া হলো।

জানা গেছে, চলতি মাসের ১২ তারিখ বুয়েট কম্পিউটার সেন্টারে ফল প্রকাশ নিয়ে পাঁচ বোর্ডের চেয়ারম্যানদের বৈঠক হয়। এই বৈঠকেই ফল প্রকাশের তারিখ পুনর্নির্ধারণ করা হয়।

দেশের পাঁচ শিক্ষা বোর্ডের চলতি বছরের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষা ৬ মে শুরু হয়। এই পরীক্ষায় অংশ নেয় ৫ লাখ ৪৫ হাজার ৬২ পরীক্ষার্থী। গত বছরের চেয়ে এ পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৩৫ হাজার বেশি। এবারের এইচএসসি পরীক্ষার্থীদের মধ্যে ঢাকা বোর্ডের পরীক্ষার্থীর সংখ্যা ১ লাখ ৬৫ হাজার ৮৫৯, রাজশাহী বোর্ডে ১ লাখ ৪৭ হাজার ১১, যশোর বোর্ডে ৯৯ হাজার ২৯৮, কুমিল্লা বোর্ডে ৮৮ হাজার ২৯৮ এবং চট্টগ্রাম বোর্ডে ৪৪ হাজার ৫৯৬ জন। সেশনজট কমানোর জন্য বোর্ডগুলো যত তাড়াতাড়ি সম্ভব ফল প্রকাশের উদ্যোগ নিয়েছে। ইতোপূর্বে তিন-সাড়ে তিন মাসের পূর্বে কখনওই ফল প্রকাশ সম্ভব হয়নি। এ বছর পরীক্ষা শেষ হবার তিন মাসেরও কম সময়ে ফল প্রকাশ করা হচ্ছে।